



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

www.dshe.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০১.৯৭.০০১.১৮.১৯

তারিখ: ২৪ পৌষ ১৪২৮

০৮ জানুয়ারি ২০২২

বিষয়: ১২-১৮ বছর বয়সী শিক্ষার্থীদের ভ্যাকসিন প্রদান কার্যক্রম বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেক্ষিতে সংশ্লিষ্টদের অবহিত করা যাচ্ছে যে ১২ থেকে ১৮ বছর বয়সী সকল শিক্ষার্থীকে ১৫ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে কোভিড ১৯ প্রতিরোধে ভ্যাকসিন প্রদানের লক্ষ্যে ইতোমধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের গত ৩০/১২/২০২১ তারিখের স্মারক নং ৩৭.০২.০০০০.১০১.৯৭.০০১.১৮.৩৯০ এবং গত ০২/০১/২০২২ তারিখের স্মারক নং ৩৭.০২.১০১.৯৭.০০১.১৮.১ মোতাবেক বিভিন্ন নির্দেশনা প্রদান করা হয়েছে। রাষ্ট্রের এই গুরুত্বপূর্ণ ও অগ্রাধিকার কর্মসূচির সফল বাস্তবায়নে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রদান করা হলো-

- ক) ১২-১৮ বছর বয়সী সকল শিক্ষার্থী (নিবন্ধনকৃত ও অনিবন্ধনকৃত) ভ্যাকসিন গ্রহণ করবে;
- খ) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ভ্যাকসিন গ্রহণের জন্য নির্ধারিত দিনে শিক্ষার্থীদের টিকা কেন্দ্রে উপস্থিতি নিশ্চিত করবেন; একই সাথে শৃংখলা রক্ষার্থে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষককেও টিকা কেন্দ্রে প্রেরণ করবেন;
- গ) টিকা গ্রহণ ব্যতিত কোন শিক্ষার্থী শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না;
- ঘ) টিকা কার্যক্রম চলমান অবস্থায় সকল মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল, জেলা শিক্ষা অফিস, উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসের সকল কর্মকর্তা/কর্মচারী উর্ধ্বতন কর্তৃপক্ষের পূর্বনুমোদন ব্যতিরেকে কর্মস্থল ত্যাগ করতে পারবেন না;
- ঙ) জেলা শিক্ষা কর্মকর্তাগণ সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সিভিল সার্জনসহ সংশ্লিষ্টদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও প্রয়োজনীয় সমন্বয় করে ভ্যাকসিনেশন কর্মসূচি বাস্তবায়ন নিশ্চিত সচেষ্ট থাকবেন।

অতএব সংশ্লিষ্টদের উপর্যুক্ত নির্দেশনাসমূহ প্রতিপালনে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮-১-২০২২

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

বিতরণ :

- ১) পরিচালক(মাধ্যমিক ও উচ্চ শিক্ষা)-সকল অঞ্চল
- ২) অধ্যক্ষ, সরকারি/বেসরকারি (সকল)
- ৩) আঞ্চলিক উপপরিচালক-সকল (বিদ্যালয় ও পরিদর্শন শাখা)
- ৪) জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)
- ৫) প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি (সকল)
- ৬) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০১.৯৭.০০১.১৮.১৯/১(৭০)

তারিখ: ২৪ পৌষ ১৪২৮

০৮ জানুয়ারি ২০২২

সদ্য অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মহাপরিচালক-২(অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব (মাধ্যমিক - ১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) জেলা প্রশাসক,
- চট্টগ্রাম/জামালপুর/মানিকগঞ্জ/কুমিল্লা/রংপুর/সিলেট/ঝিনাইদহ/যশোর/চাঁদপুর/রাজবাড়ী/বগুড়া/সিরাজগঞ্জ/দিনাজপুর/মুন্সিগঞ্জ/নারায়ণগঞ্জ/খুলনা/সাতক্ষীরা/ঢাকা/লালমনিরহাট/ব্রাহ্মণবাড়িয়া/ভোলা/বালকাঠি/নোটা/রাঙ্গামাটি/ক
- ৫) সিভিল সার্জন, সকল জেলা
- ৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৭) সংরক্ষণ নথি।

৮-১-২০২২

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক